



বাউবি/প্রশা(সাধা)/মামলা-৭০(৭)/২০০০/২৪০০

তারিখ: ২২ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
৫ মে ২০২৪ খ্রিস্টাব্দ

বাউবির আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী তালিকা ভুক্তির শর্তাবলী

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের জন্য আইন উপদেষ্টা নিয়োগ ও প্যানেল আইনজীবী হিসেবে তালিকাভুক্তির নিমিত্তে নিম্নবর্ণিত যোগ্যতা সম্পন্ন আইনজীবীদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

আইন উপদেষ্টার যোগ্যতা

- শিক্ষাগত যোগ্যতা: আইন উপদেষ্টা হিসেবে নিয়োগের জন্য প্রার্থীকে কমপক্ষে আইন বিষয়ে স্নাতক ডিগ্রীসহ স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে।
- অভিজ্ঞতা: আইন উপদেষ্টা নিয়োগের ক্ষেত্রে প্রার্থীকে অবশ্যই সুপ্রীম কোর্টের আপীল বিভাগে তালিকাভুক্ত আইনজীবী হতে হবে এবং হাইকোর্ট বিভাগে ন্যূনতম ২০(বিশ) বছরের মামলা পরিচালনাসহ প্রশাসনিক আদালতে মামলা পরিচালনার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। তবে উচ্চ আদালত অথবা জেলা আদালতে বিচারক হিসাবে কাজ করে অবসরে গিয়েছেন এবং বর্তমানে প্র্যাকটিস করছেন তাদের ক্ষেত্রে অভিজ্ঞতা শিথিলযোগ্য।

সম্মানী

- বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত মাসিক সম্মানী (সরকার নির্ধারিত ভ্যাট ও ট্যাক্স কর্তনপূর্বক) প্রদান করা হবে।
- মামলা পরিচালনা আইনগত মতামত লিগ্যাল নোটিশসহ অন্যান্য আইনগত কাজের জন্য পৃথকভাবে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফি প্রাপ্য হবেন।

প্যানেল আইনজীবীর যোগ্যতা

- শিক্ষাগত যোগ্যতা: প্যানেল আইনজীবী হিসেবে তালিকাভুক্তির জন্য প্রার্থীকে কমপক্ষে আইন বিষয়ে স্নাতক (সম্মান) ডিগ্রীসহ স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে।
- অভিজ্ঞতা: প্যানেল আইনজীবীর ক্ষেত্রে আইনজীবী হিসেবে ন্যূনতম ১২(বার) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। তবে সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে তালিকাভুক্ত আইনজীবীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে। তবে উচ্চ আদালত অথবা জেলা আদালতে বিচারক হিসাবে কাজ করে অবসরে গিয়েছেন এবং বর্তমানে প্র্যাকটিস করছেন তাদের ক্ষেত্রে অভিজ্ঞতা শিথিলযোগ্য।

সম্মানী

- মামলা পরিচালনা, আইনগত মতামত, লিগ্যাল নোটিশসহ অন্যান্য আইনগত কাজের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হারে ফি (সরকার নির্ধারিত ভ্যাট ও ট্যাক্স কর্তনপূর্বক) প্রদান করা হবে।

অন্যান্য যোগ্যতা

- অন্যান্য যোগ্যতা: আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং শারীরিক ও মানসিকভাবে সুস্থ হতে হবে।
- পাবলিক বিশ্ববিদ্যালয়ে আইনজীবী হিসেবে কাজ করার অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের বাউবি'র আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী হিসেবে নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

আবেদনের শর্তাবলী

আবেদনকারীকে বাউবি কর্তৃক নির্ধারিত ফরমে ০৭/০৫/২০২৪ হতে ০৫/০৬/২০২৪ তারিখের মধ্যে আবেদন করতে হবে। আবেদনের সঙ্গে নিম্নবর্ণিত কাগজপত্র জমা দিতে হবে।

- শিক্ষাগত যোগ্যতার সকল সনদের কপি।
- আবেদনের সঙ্গে সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি।
- জাতীয় পরিচয়পত্র ও টিআইএন (TIN) সার্টিফিকেটের কপি।
- বার কাউন্সিল-এর সনদ, বার কাউন্সিল কর্তৃক সকল পেশাগত সনদসহ সকল সনদের কপি (হাইকোর্ট ও আপীল বিভাগের তালিকাভুক্তির সনদ ও যোগদানের তারিখ/সংশ্লিষ্ট আদালতে তালিকাভুক্তির সনদ ও যোগদানের তারিখ ইত্যাদি সংযুক্ত থাকতে হবে)।
- অন্য এক বা একাধিক প্রতিষ্ঠানের তালিকাভুক্ত আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী হয়ে থাকলে প্রতিষ্ঠানের নাম, ঠিকানা সহ কার্যকালের বিস্তারিত বিবরণ।
- আবেদনকারীকে রেজিস্ট্রার, বাউবি'র অনুকূলে ১,০০০/- (এক হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিতে হবে।
- আইন উপদেষ্টা নিয়োগ ও প্যানেল আইনজীবী তালিকাভুক্তির ক্ষেত্রে এতদসংক্রান্ত নিয়োগ নীতিমালা অনুসরণ করা হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

ড. মহাবুঃ শফিকুল আলম
রেজিস্ট্রার
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

Contact

Registrar's Office, Administrative Building, Bangladesh Open University, Gazipur-1705, Bangladesh
Website: www.bou.ac.bd, https://bou.ac.bd/Registrar/Office, email: registrar@bou.ac.bd
Phone: 996691112, 09666730730 Ex 105